দৈনিক
ইনকিলাব

তারিখ 04 FEB 2008
পৃঃ ৩ কলাম ৪



*ইনকিলাব : ব্রিটিশ কাউন্সিল অডিটরিয়ামে গতকাল ব্রিটিশ কাউন্সিল ইংরেজী ভাষা সম্পদ মেলার উদ্বোধন করেন শিক্ষা ও বাণিজ্য উপদেষ্টা হোসেন জিল্লুর রহমান*

# ব্রিটিশ কাউন্সিলে মাসব্যাপী ইংরেজী ভাষা সম্পদ মেলা শুরু

**স্টাফ রিপোর্টার :** ঢাকার ব্রিটিশ কাউন্সিলে গতকাল (রোববার) থেকে শুরু হয়েছে মাসব্যাপী ইংরেজী ভাষা সম্পদ মেলা। শিক্ষা ও বাণিজ্য উপদেষ্টা ডঃ হোসেন জিল্লুর রহমান গতকাল বিকেলে এই মেলার উদ্বোধন করে বলেন, দেশের মানব সম্পদ ও অর্থনৈতিক উন্নয়নে ইংরেজী ভাষার ব্যবহার এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ। বিশেষ করে বিশ্বায়নের এই যুগে ইংরেজী ছাড়া আন্তর্জাতিক যোগাযোগ, ব্যবসা-বাণিজ্য কিংবা তথ্যপ্রযুক্তি আয়ত্ত করা সম্ভব নয়। তাই বাংলাদেশকে আধুনিক জ্ঞান-বিজ্ঞানে সমৃদ্ধ করতে হলে এবং বিশ্ববাজারে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে ইংরেজীতে দক্ষতা অর্জনের কোন বিকল্প নেই। ইংরেজীর প্রসারে ব্রিটিশ কাউন্সিলের বিভিন্ন পদক্ষেপের প্রশংসা করেন তিনি। উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ডঃ এস এম এ ফায়েজ, ব্রিটিশ কাউন্সিলের পরিচালক জন রোলিনসন এবং ঢাকাস্থ ব্রিটিশ হাইকমিশনের ট্রেড এন্ড ইনভেস্টমেন্ট ডিরেক্টর কেভিন রিংহ্যামও বক্তব্য রাখেন। উল্লেখ্য, ব্রিটিশ কাউন্সিল আয়োজিত এই ইংরেজী ভাষা সম্পদ মেলা আগামী ২৯ ফেব্রুয়ারী পর্যন্ত চলবে। আগ্রহী সকলের জন্যই এ মেলা উন্মুক্ত। মেলায় ১০টি প্রতিষ্ঠান অংশ নিচ্ছে। এসব প্রতিষ্ঠানের স্টলে যুক্তরাজ্য থেকে প্রকাশিত বিভিন্ন ধরনের ও বিভিন্ন বিষয়ের ইংরেজী বই, সিডি-ভিসিডি প্রদর্শন এবং সাশ্রয়ী মূল্যে তা বিক্রি করা হচ্ছে। শিশু-কিশোরদের উপযোগী বইয়ের সংখ্যাও এখানে প্রচুর এবং এদের জন্য রয়েছে মেলায় পৃথক কর্নার। এছাড়া মেলার পাশাপাশি ফিল্ম শো, কর্মশালা, ভিডিও প্রদর্শন প্রভৃতি কর্মসূচীরও ব্যবস্থা করা হয়েছে। মেলায় ব্রিটিশ কাউন্সিলের সদস্য পদ প্রদানের ব্যবস্থাসহ উপহার সামগ্রী প্রদানেরও আয়োজন করা হয়েছে।

# ইংরেজি শিখতে বিভিন্ন দেশের শিক্ষার্থীরা এখন বাংলাদেশে আসছে

## -প্রফেসর নজরুল

**স্টাফ রিপোর্টার :** বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম বলেছেন, ইংরেজি শেখার জন্য বিশ্বের বিভিন্ন দেশের ছাত্র-ছাত্রীরা এখন বাংলাদেশে আসছে। এটা শুধু সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান নয়, বাংলাদেশের জন্য অত্যন্ত গৌরবের বিষয়। বেসরকারী বিশ্ববিদ্যালয় সাউথইস্ট ইউনিভার্সিটিতে চীন থেকে ছাত্র-ছাত্রীরা ইংরেজি শিখতে আসছে, এটা অন্যান্য বিশ্ববিদ্যালয়ের জন্য অনুকরণীয় হতে পারে। গতকাল (রোববার) রাজধানীর বনানী কমিউনিটি সেন্টারে সাউথইস্ট ইউনিভার্সিটির উদ্যোগে চীনের ঝেজিয়াং ইউনিভার্সিটি থেকে আগত ছাত্র-ছাত্রীদের বিদায়ী সংবর্ধনায় প্রধান অতিথি হিসেবে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চীনা দূতাবাসের কালচারাল কাউন্সিলর লিউ স্যানঝেন এবং সাউথ এশিয়া ফাউন্ডেশন ও সাউথইস্ট ইউনিভার্সিটির বোর্ড অব গভর্নস-এর চেয়ারম্যান মোঃ রেজাউল করিম, সাউথইস্ট ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ড. এম শমশের আলী এবং প্রোভিসি প্রফেসর আবু আহমেদ। সংবর্ধনা শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।